গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
হিসাব ভবন,
সেগুনবাগিচা, ঢাকা ১০০০।

স্মারক নংঃ-সিএএফও/পবম/বন অধিদপ্তর/মাসিক হিসাব/আপত্তি/২১-২২ তারিখঃ /১১/২০২১খ্রিঃ

বিষয়ঃ- বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী জুন/২১ মাসের মাসিক হিসাব হিসাবভূক্ত করণ সংক্রান্ত।

সূত্রঃ- ২২.০১.৭৮০০.৫৩৫.০১.০০১.২০২১.২০৪৪ তারিখঃ০৪/০৭/২০২১খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে, মাসের হিসাবের ভাউচার ও সংশ্লিষ্ট তথ্যাদি পর্যাপ্ত না থাকায় ব্যয় হিসাবভূক্ত করার পূর্বে ব্যয়ের যর্থাথতা নির্ণয় করা সম্ভব হয়নি, ফলে খরচের পরিমাণ অতিরিক্ত অথবা মিস কোডিং হতে পারে যা পরবর্তীতে জুন ক্লোজিং এ জটিলতা তৈরি করবে। নিম্ন লিখিত বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ পূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

১। কোড নংঃ ৩২৫৬১০৬ এ পোষাক বা ইউনিফরম বাবদ = ১,৩৭,২০০/- উত্তোলন পূর্বক হিসাবে দেখানো হয়েছে, যা অনিয়মিত খরচ হিসাবে দেখানো হলো। চতুর্থ শ্রেণীর পোষাক শীতকালীন/গ্রীষ্মকালীন জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নংঃ ০৫.০০.০০০০.১২৩.০৬.০০১.১৬.০০১.১৬.১৬-৫৩ তারিখঃ ১৮/০১/২০১৮খিঃ অনুসারে উক্ত আদেশ লঙ্ঘন করে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পোষাক না দিয়ে ৯৮ সেট কটি প্রতি সেট ১,৪০০/- হিসাবে (৯৮*১,৪০০) = ১,৩৭,০০০/-খরচ দেখানো হয়েছে। যাহা ব্যক্তিগত দায় হিসাবে আদায়যোগ্য এবং গুরুতর আর্থিক অনিয়ম ও আর্থিক শৃঙ্খলার পরিপন্থী।

২।

| অর্থনৈতিক কোড | কাজের বিবরণ | টাকার পরিমান | ঠিকাদারী পতিষ্ঠানের নাম |
|---|---|---|---|
| ৩২৫৮১০৮ | অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত বাবদ | ১২,৪২,৭০৭/- | মের্সাস আলমদিনা মটরস |
| ৩২৫৮১০৭ | অনাবাসিক ভবন মেরামত বাবদ | ১,৩৭, ০২৫/- | মোঃ মজিবুর রহমান |
| ৩২৫৮১০৭ | অনাবাসিক ভবন মেরামত বাবদ | ১৩,৫৩,২৬৮/- | মের্সাস গাজী এন্টারপ্রাইজ |
| ৩২৫৮১০৭ | অনাবাসিক ভবন মেরামত বাবদ | ১৪,৮৪,১৩১/- | ঐ |
| ৩২৫৮১০৬ | আবাসিক ভবন মেরামত বাবদ | ৭,৭৩,১৯৯/- | মোঃ গিয়াস আরামবাগ, পটুয়াখালী |
| ৪১১১৩০৫ | কালভর্টি নির্মাণ বাবদ | ৩,৯৮,৬৮০/- | মের্সাস আরিফ রির্সোস, |
| ৪১১১৩০৮ | গভীল নলকূপ স্থাপন বাবদ | ৩,৬৫,০২৬/- | দ্বীপ এন্টারপ্রাইজ |
| ৪১১১৩১৫ | স্বল্প মূলধনী কাজ বাবদ | ১১,৩৩,৬১৬/- | ঐ |
| ৩২৫৮১১৮ | খুঁটি ও এরিয়েল মেরামত বাবদ | ৪৫০০০/- | ঐ |
| ৩২৫৮১০৮ | গ্যারেজ মেরামত বাবদ | ৭১,৯৩৭/- | মোঃ মজিবুর রহমান |
| | মোট = | ৭০,০৪,৫৮৯/- | |

উপরে বর্ণিত মেরামতের কাজের ঠিকাদারকে পরিশোধিত বিলগুলি পর্যালোচনায় দেখা যায় বিলের সাথে টেন্ডার প্রক্রিয়ার কোন রেকর্ড পাওয়া যায়নি। নিম্নে বর্ণিত রেকর্ডপত্র প্রেরণ করা আবশ্যকঃ

ক, বার্ষিক কাজের পরিকল্পনা,
খ, দরপত্র আহ্বানের কপি,
গ, অনুমোদিত এষ্টিমেট,
ঘ, টেন্ডার ও মূল্যায়ন কমিটির তালিকা,
ঙ, মূল্যায়ন প্রতিবেদন,
চ, তুলনামূলক বিবরণী,
ছ, কার্যাদেশ,
জ, কাজ সমাপ্তির প্রতিবেদন,

ঝ, মাপ বহি

ঝ, ই-টেন্ডার নম্বর ৫৭৮১৯৪,৫৭৮৮৪২,৫৭৮৮৬৮ তাং ১১/০৫/২০২১ এবং তাং ১৬/০৫/২০২১ যথাক্রমে ঠিকাদার বিল ১৩,৮০,৮০৬/- ১,১৬,৪৯,০৩৬/- ১৫,০৩,৬৩২/- এর বিল ভাউচার ও অন্যান্য রের্কডপত্র পাওয়া যায়নি। উক্ত বিলগুলোর ডকুমেন্ট সহ প্রেরণ আবশ্যক।
চাহিত রের্কডপত্র দ্রুততার সাথে প্রেরণ নিশ্চিত করা না হলে বর্ণিত খরচগুলি অনিয়মিত খরচের অর্ন্তভূক্ত হবে।

৩। গাড়ী মেরামত বাবদ কোড নংঃ ৩২৫৮১০১ খাতে ৪৯,৬০০/- দেখানো হয়েছে। বিভাগীয় বনকর্মকর্তার সাংগঠনিক কাঠামো অনুযায়ী গাড়ীর তালিকাসহ গাড়ী মেরামতের পূর্ব চাহিদাপত্র এবং মেরামত উত্তর ফিটনেস সার্টিফিকেট প্রেরণ করা আবশ্যক।

৪। আয়কর কর্তন কম করা হয়েছে। ঠিকাদারদের ২০১৯-২০ অর্থ বছরের ঠিকাদার লেজার প্রেরণ এবং দ্বীপ এন্টারপ্রাইজকে ৩টি বিলে (৪৫,০০০+১১,৩৩,৬১৬+৩,৬৫,০২৬) = ১৫,৪৩,৬৪২/-পরিশোধ করে ৩% আয়করের স্থলে ২% আয়কর কর্তন করায় সরকারের টাকা = ১৫,৩৪৬/২০ আয়কর বাবদ ক্ষতি, যা আদায়যোগ্য।

৫। কোড ৩২৫৬১০৬ এ পোষাক বা ইউনির্ফম বাবদ ৫,৬২,৮০০/- অনিয়মিত ভাবে পরিশোধ। জনপ্রশাসন মন্ত্রণালয় এরস্মারক নংঃ- ০৫.০০.০০০০.১২৩.০৬.০০১.১৬.১৬-৫৩ তাংঃ ১৮/০১/২০১৮ অনুযায়ী মোট কতজন কর্মচারীকে পোষাক সরবরাহ করা হয়েছে তালিকা সহ শীতকালীন বা গ্রীষ্মকালীন পোষাক তা উল্লেখ পূর্বক বিলটি বিস্তারিত তথ্য ও রের্কডপত্র সহ জবাব প্রেরণ আবশ্যক।

৬। আউট সোসিং এবং আনুষাঙ্গিক কর্মচারী নিয়োগের বেতনভাতা বিলের সাথে প্রশাসনিক মন্ত্রণালয়ের মঞ্জুরীপত্র পাওয়া যায়নি।

৭। স্ট্রীট লাইট, সিলিং ফ্যান, এয়ার কন্ডিশনার অইপিএস ক্রয় বাবদ অর্থনৈতিক কোড ৪১১২৩০৩ এ = ৪,১০৫০০/- হিসাবে দেখানো হয়েছে। বর্ণিত ইলেক্ট্রিক মালামাল ক্রয়ে জি, এস, আর, প্যারা ১০ লঙ্ঘন করে অত্যাধিক বেশী দামে মূল্য পরিশোধ করা হয়েছে। বার্ষিক ক্রয় পরিকল্পণা কোটেশন তুলনামূলক বিবরণী সহ বেশী দামে ক্রয়ের ব্যখ্যা প্রেরণ আবশ্যক। যা **self Accounting Entity'র** ক্ষেত্রে **Post audit before compilation**কার্যক্রমের অংশ। জরুরী ভিত্তিতে কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হলো।

(সরকার মোহাম্মদ খায়রুল আলম)
চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
ফোনঃ ৫৮৩১৫৭৭৫

বিভাগীয় বন কর্মকর্ত
উপকূলীয় বন বিভাগ,
পটুয়াখালী।

স্মারক নং- সিএএফও/পবম/বন অধিদপ্তর/মাসিক হিসাব//আপত্তি/২১-২২/৩৩৯ (ক)২৪২৭৩ তারিখঃ /১১/২০২১ খ্রিঃ
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। হিসাব মহানিয়ন্ত্রক,হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
 দৃষ্টি আর্কষণঃ অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক [হিসাব ও পদ্ধতি]
২। উপ প্রধান বন কর্মকর্তা [প্রশাসন ও অর্থ ]।
৩। অফিস কপি/গার্ড ফাইল।

(শামীমুল হক খান চৌধুরী)
নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা
ফোন ঃ ০২৮৩৯১৮০৫